# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৫ সালের ১২তম বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৬ নভেম্বর ২০১৫ |
| সময় | ঃ | সকাল ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

**আলোচ্য বিষয়-১:** ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**আলোচনা :** ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয় এবং সিদ্ধান্তের উপর গৃহীত কার্যক্রমও সভাকে অবহিত করা হয়। উক্ত সভার আলোচ্য বিষয়-৩২ এর গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে মাস্টার রোলে নিয়োজিত কর্মচারীদের পরিসংখ্যানসহ তাদের বেতন বৃদ্ধির স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব এবং আলোচ্য বিষয়-৩৩বিবিধ(২) এর গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৫১টি দোকান/স্পেস সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে দেশী/বিদেশী স্বনামধন্য ব্র্যান্ডশপ এর নিকট ভাড়া প্রদানের প্রক্রিয়া পরবর্তী সভায় পেশ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

**গৃহীত সিদ্ধান্ত :** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে মাস্টার রোলে নিয়োজিত কর্মচারীদের পরিসংখ্যানসহ তাদের বেতন বৃদ্ধির স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব এবং মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৫১টি দোকান/স্পেস সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে দেশী/বিদেশী স্বনামধন্য ব্র্যান্ডশপ এর নিকট ভাড়া প্রদানের প্রক্রিয়া আগামী সভায় পেশ করা হবে বিবেচনায় সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য কর্ণেল মোস্তাফিজুর রহমান, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস সমর্থনে বিগত সভার (২০১৫ সালের ১১তম বোর্ডসভার) কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২:** অক্টোবর ২০১৫ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা:** অক্টোবর, ২০১৫ মাসে বিভিন্ন খাতে আদায় ১,০৫,৯৮,৭৪৫.০০ (এক কোটি পাঁচ লক্ষ আটানব্বই হাজার সাতশত পঁয়তাল্লিশ) টাকা এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের ক্রমপুঞ্জিভুত আদায় ৩,৬৫,৮৯,০৯৫.০০ (তিন কোটি পঁয়ষট্টি লক্ষ উননব্বই হাজার পঁচানব্বই) টাকা। মোট দাবীর বিপরীতে আদায়ের হার ১৯.১৬% যা, ২০১৪ সালের অক্টোবর মাসে ছিল ১৭.২৫%।

**গৃহীত সিদ্ধান্ত :**
২(১) গৃহকর আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রতিটি ডিওএইচএস এলাকায় একদিন করে ক্যাম্প করা হবে।
২(২) ক্যাবল টেলিভিশনে গৃহকর আদায়ের জন্য প্রণোদনামূলক প্রচারণা চালানো হবে।

**আলোচ্য বিষয়-৩:** অক্টোবর, ২০১৫ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা:** অক্টোবর, ২০১৫ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,৭০,৪৬,৭৮১.০০ (এক কোটি সত্তর লক্ষ ছেচল্লিশ হাজার সাতশত একাশি) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ১১,৮৮,৮৭,৩৫৫.০০ টাকা (এগার কোটি আটাশি লক্ষ সাতাশি হাজার তিন শত পঞ্চান্ন) টাকা। উক্ত সময়ে সর্বমোট ব্যয় ১,৮৯,০৭,০২৯.০০ টাকা (এক কোটি উননব্বই লক্ষ সাত হাজার উনত্রিশ) টাকা।

**গৃহীত সিদ্ধান্ত :** অক্টোবর ২০১৫ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

**আলোচ্য বিষয়-৪:** অক্টোবর, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

**আলোচনা:** স্টেশন হেলথ অফিসার সভায় স্বাস্থ্য প্রতিবেদন উপস্থাপন করেন। সেনানিবাসের পরিষ্কার পরিচ্ছন্নতা সন্তোষজনক আছে। তবে রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন এলাকা নালা ও মুরগী সংলগ্ন নালা ময়লা আবর্জনা ভরা এবং অধিকাংশ খাবার হোটেলে নোংরা পরিবেশে খাবার পরিবেশন করা হচ্ছে মর্মে সভাকে জানানো হয়। ১৫ অক্টোবর, ২০১৫ পর্যন্ত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ৪৭ জন এবং সিএমএইচ, ঢাকায় ৭০ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেন। ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৫ সালের ১১তম সভার সিদ্ধান্তের আলোকে সেনানিবাসে বসবাসকারীদের সচেতন করার জন্য ডেঙ্গু প্রতিরোধের উপায় সম্বলিত ১০,০০০ লিফলেট বিতরণ করা হয়েছে। স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক সেনানিবাসের সকল এলাকায় ব্যাপকভাবে মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

**গৃহীত সিদ্ধান্ত :** সেনানিবাসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য সম্মত পরিবেশ অক্ষুণ্ন রাখার লক্ষ্যে স্টেশন হেলথ অর্গানাইজেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন এলাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিষ্কার করা হবে এবং খাবার হোটেলে স্বাস্থ্য সম্মত খাবার সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে।

**আলোচ্য বিষয়-৫:** অক্টোবর, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম নিবন্ধন প্রতিবেদন।

**আলোচনা:** অক্টোবর, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ২৫১ টি জন্ম নিবন্ধন ও ৪টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে ।

**গৃহীত সিদ্ধান্ত :** জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রতিবেদন যথানিয়মে সংরক্ষণ করতে হবে।

আলোচ্য বিষয়-৬: গত ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটে কর্মকার ব্লকের ১৩/১২ নং দোকানের মালিকানা প্রসংগে।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটে কর্মকার ১৩/১২ নং দোকানটি জনাব মোঃ শহর আলী, পিতা-মৃত ইসমাইল মুন্সী, ১১৫ নং রাজা বাজার ফার্মগেট, ঢাকা এর নামে ০৫/৪/১৯৮৭ তারিখে ১০(দশ) বছরের জন্য ইজারা প্রদান করা হয়। পর্যায়ক্রমে কয়েকদফা দোকানটির ইজারা মেয়াদ নবায়ন করা হয়। অতঃপর গত ৩১/১২/২০১৪ তারিখে ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর আর ইজারা নবায়ন করা হয়নি। দোকানটির বরাদ্দ লাভকারী শহর আলীর স্ত্রী রাবেয়া বেগম তার স্বামীর মৃত্যুসনদ, ওয়ারিশন সনদপত্র ও সাধারন ডায়রীর কপিসহ ০৮/১/২০১৫ তারিখে দোকানটি বুঝে পাওয়ার জন্য অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনপত্রের সাথে দাখিলকৃত মৃত্যু সনদ পত্রে দেখা যায় জনাব শহর আলী ৪/১/১৯৭৬ তারিখে মৃত্যুবরণ করেছেন। কিন্ত দোকানটি জনাব শহর আলীর নামে ৫/৪/১৯৮৭ তারিখে বরাদ্দ প্রদান করা হয়েছে। অপরদিকে জনাব মোঃ আঃ মান্নান ২৬০, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস এর ১৩/১/২০১৫ তারিখের আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্রে দেখা যায় জনাব মোঃ শহর আলী ২০/৩/১৯৮০ তারিখে উক্ত দোকানটি জনাব মোঃ আঃ রহমান এর নিকট বিক্রি করেন এবং জনাব মোঃ আঃ মান্নান ৫/৫/১৯৮৭ তারিখে চুক্তিপত্রের মাধ্যমে জনাব আঃ রহমানের নিকট হতে উক্ত দোকানটি ক্রয় করেছেন কিন্ত দোকানটি নামজারীর বিষয়ে জনাব আব্দুর রহমান বা জনাব আব্দুল মান্নান আবেদন করেছেন মর্মে নথিতে কোন আবেদন পাওয়া যায়নি। এ অবস্থার প্রেক্ষিতে নির্দেশনা মোতাবেক ৮/১/২০১৫ তারিখে দোকানটি তালাবদ্ধ করে ক্যান্টনমেন্ট বোর্ডের দখলে আনা হয়েছে। দোকানের বরাদ্দ লাভকারী শহর আলীর স্ত্রী রাবেয়া বেগম ২১/৫/২০১৫ তারিখে সুবিচার পাওয়ার জন্য পুনরায় আবেদন করেন।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের কর্মকার ১৩/১২ নং দোকানটি পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত বোর্ডের দখলে থাকবে।

আলোচ্য বিষয়-৭: ডিওএইচএস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং চ্যাপ্টার্ড এলাকার খানাশুমারিপ প্রতিবেদন এবং সকল ডিওএইচএস এর বাড়ী/ফ্ল্যাটের হালনাগাদ প্রতিবেদন।

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার হোল্ডিং ট্যাক্স বা গৃহকর প্রতি ০৩(তিন) বছর অন্তর এ্যাসেসমেন্ট করার বিধান থাকলেও দীর্ঘদিন যাবত তা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না। এর ফলে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাপ্য রাজস্ব আদায় হচ্ছে না। এ প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার আবাসিক ও বাণিজ্যিক ভবনসমূহের হালনাগাদ তথ্যাদি সংগ্রহ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত :

৭(১) সংগৃহীত তথ্যাদি যাচাই-বাছাই করে যে সকল হোল্ডিং/ফ্ল্যাট অদ্যাবধি করের আওতায় আসেনি তাদের হোল্ডিং ট্যাক্স/ গৃহকর ধার্য করা হবে।

৭(২) সংগৃহীত তথ্যাবলীর আলোকে আদায়যোগ্য গৃহকরের স্বয়ংসম্পূর্ণ পরিসংখ্যান আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-৮: গত ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ নং প্লট সংক্রান্ত তদন্ত কমিটির প্রতিবেদন ও আইন উপদেষ্টার মতামত।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ নং প্লটে নির্মিত বাড়ীর নির্মাণ কাজ সমাপ্তকরণসহ ফ্ল্যাট ক্রেতা (১) জনাব ইমন মাহমুদ, (২) বেগম লুৎফুন নাহার লুৎফা ও (৩) জনাব ছারওয়ার হক এর অনুকূলে ডেভেলপার/বাড়ীর মালিক কর্তৃক ফ্ল্যাট রেজিষ্ট্রেশন করে না দেয়ায় সৃষ্ট জটিলতার পরিপ্রেক্ষিতে গত ০১ জুন, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভা আলোচ্য বিষয়-১৪ এর মাধ্যমে প্লটের মালিককে ইজারা প্রদানের বিষয়ে এবং ইজারা কোন শর্ত লঙ্ঘন করেছেন কিনা তা যাচাই করে কার্যক্রম গ্রহণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত কমিটি ৮ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে একটি প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত প্রতিবেদনের বিষয়ে উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়েছে। কমিটির প্রতিবেদন এবং আইন উপদেষ্টার মতামতের আলোকে বিষয়টি ১৫ নভেম্বর, ২০১৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৬৭-এ/৪৭৯ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের প্রেরণ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ নং প্লট সংক্রান্ত তদন্ত কমিটির প্রতিবেদন এবং এতদ্বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত নিয়ে সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাসের অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ ও সম্মানী ভাতা।

আলোচনা: সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৫ মার্চ ২০০৭ তারিখের ৩/এমএলএন্ডসি/কন/১৬২-২/১৮০ নং পত্রের মাধ্যমে মাসিক ১০,০০০/-(দশ হাজার) টাকা সম্মানী ভাতা প্রদান সাপেক্ষে ০১ (এক) বছরের জন্য বেগম রেজিনা মাহমুদ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা হিসেবে নিয়োগ প্রদান করা হয়। পরবর্তীতে মেয়াদ উর্ত্তীণের পর বোর্ড সিদ্ধান্তের আলোকে কয়েক দফা মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। গত ২৯ অক্টোবর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-১৫ সিদ্ধান্তে আইন উপদেষ্টার সম্মানী ভাতা মাসিক ১৬,০০০/-(ষোল হাজার) টাকা ধার্য করে ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়। অদ্যাবধি তাঁকে উক্ত হারে সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। আইন উপদেষ্টার মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে উর্ত্তীণ হবে। এপ্রেক্ষিতে তিনি ১৮ অক্টোবর, ২০১৫ তারিখে মেয়াদ ও সম্মানী ভাতা বৃদ্ধির জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের চুক্তি ভিত্তিক আইন উপদেষ্টা বেগম রেজিনা মাহমুদ এর নিয়োগের মেয়াদ মাসিক ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা সম্মানীতে ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য বৃদ্ধি করা হবে। তবে প্রথম বছরের সন্তোষজনক কর্মদক্ষতার প্রেক্ষিতে ২য় বছরের নিয়োগ চলমান থাকবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হবে।

আলোচ্য বিষয়-১০: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডে বিদ্যমান ৭ নং ভবনের ভাড়া পুনঃনির্ধারণ।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত 'সি' শ্রেণীভূক্ত ৭/৭-১ নং প্লটে নির্মিত দোতলা বিশিষ্ট বাড়িটি ৭/৭/১৯৮৮ তারিখ হতে নীচ তলা মাসিক ৮,৩০০.০০ (আট হাজার তিনশত) টাকা এবং দোতলা মাসিক ৮,৩০০.০০ (আট হাজার তিনশত) টাকা হিসেবে দুই তলা ভবনটি মাসিক ১৬,৬০০.০০ (ষোল হাজার ছয়শত) টাকা হিসেবে বার্ষিক ১,৯৯,২০০.০০ (এক লক্ষ নিরানব্বই হাজার দুইশত) টাকায় সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরকে ভাড়া প্রদান করা হয়। প্রকৌশল শাখা হতে ১৩/৮/২০১৫ তারিখে দাখিলকৃত পরিমাপে দেখা যায় বর্তমানে ভবনটি ০৪ (চার) তলা বিশিষ্ট এবং যার আয়তন ১৮,৯৭৭ বর্গফুট। উক্ত ভবনের ভাড়া এখনও প্রতি মাসে (৮৩০০.০০+৮৩০০.০০) = ১৬,৬০০.০০ (ষোল হাজার ছয়শত) টাকা হারেই পরিশোধ করা হচ্ছে।

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডে অবস্থিত ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন ৭ নং ভবনের ভাড়া পুনঃনির্ধারণের বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের সাথে আলোচনা ক্রমে পুনঃনির্ধারণ করা হবে।

আলোচ্য বিষয়-১১: স্বাধীনতা টাওয়ার এর সংশোধিত নকশা অনুমোদন।

আলোচনা: স্বাধীনতা টাওয়ার এর নকশা ইতোপূর্বে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ছাড়পত্র সাপেক্ষে বাণিজ্যিক হারে ফি আদায় সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন করা হয়েছে। সংশোধিত নকশাও একই নিয়মে অনুমোদন করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত : বাণিজ্যিক হারে ফি গ্রহণ করত: ৩টি বেজমেন্টসহ ১৪ (চৌদ্দ) তলা বাণিজ্যিক ভবনের নকশা এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ছাড়পত্র সাপেক্ষে অনুমোদন করা হয়।

আলোচ্য বিষয়-১২: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্ত নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদন ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (ক) ক্যাপ্টেন পাটওয়ারী জহির উল্লাহ (অবঃ)<br>(খ) কমান্ডার এম আনোয়ার হোসেন (অবঃ) | ৭৬০/এ<br>৭৬১/এ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২) | ক্যাপ্টেন এম আমিনুর রহমান খান (জি), এনসিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন | ৮২৪ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| (৩) | নিসরাত হক<br>স্বামী-শহীদ কর্ণেল বি এম জাহিদ হোসেন | ৮৫৩ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (৪) | ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল খায়ের | ৯০৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (৫) | কর্ণেল এ কে এম গোলাম রব্বানী | ১০৫৯ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৬) | লেঃ কর্ণেল সৈয়দ আজতহী (অবঃ) | ১১৩৫ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (৭) | উইং কমান্ডার সুলতান মোহাম্মদ নুরানী (অবঃ) | ১২৭৮ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| (৮) | কমডোর ডি এম রহমান (অবঃ) | ১৬১ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (৯) | জনাব মোঃ ওবায়দুর রহমান চৌধুরী | ৭৪ | বনানী ডিওএইচএস | | সংশোধিত ০৭ (সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১০) | জনাব মোঃ আলম খান গং | সিবি-৮১ | কচুক্ষেত | | ০৭ তলা নতুন ভবন |
| (১১) | (ক) মোঃ রুহুল আমিন পাটওয়ারী<br>(খ) মোসাঃ আনজুমান আরা বেগম | সিবি/১৫১ | কচুক্ষেত | | ০৭ তলা নতুন ভবন |
| (১২) | জনাব মনিরুল ইসলাম | সিবি/২০৯ | কচুক্ষেত | | ০৭ তলা নতুন ভবন |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও কচুক্ষেত এলাকার ১২টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন।

গৃহীত সিদ্ধান্ত : ১২(১) Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য এলাকার জন্য অত্র দপ্তরের রাজস্ব শাখার এর ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১২ এর ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৭, ৯, ১০, ১১ ও ১২ এর ১০টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদন করা হয় ঃ-

**শর্তাবলী**

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১২(২) আলোচ্য বিষয়-১৬ এর ক্রমিক নং- ৬ ও ৮ এ উল্লেখিত ২টি ভবনের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদন করা হয়। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্য বিষয়-১৩: কচুক্ষেত এলাকার সিবি-২৭৮/৪ নং প্লটে বাড়ী নির্মাণের অনুমোদিত নকশার সময়সীমা বৃদ্ধি প্রসংগে জনাব মোঃ এইচ এম ওলিউল্লাহ বাদশাহ এর ২৫ অক্টোবর, ২০১৫ তারিখের আবেদন।

আলোচনা : বিস্তারিত তথ্যাদিসহ আগামী বোর্ডসভায় উপস্থাপন করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত : আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হবে।

আলোচ্য বিষয়-১৪: কচুক্ষেত এলাকার সিবি-১৪৬ ও ১৪৬/১ নং প্লটে বাড়ী নির্মাণের নকশা অনুমোদন/অনুমোদিত নকশার সময়সীমা বৃদ্ধি প্রসংগে।

আলোচনা : বিস্তারিত তথ্যাদিসহ আগামী বোর্ডসভায় উপস্থাপন করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত : আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হবে।

আলোচ্য বিষয়-১৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোড মেরামতসহ কার্পেটিংকরণ। | ৬,৪২,৯৬১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ ও ৫ নং রোডের (পশ্চিম পার্শ্বে) সংযোগ সড়ক পাকাকরণ। | ৪,৯৫,৭৪৯/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোড মেরামতসহ কার্পেটিংকরণ। | ৭,৫৯,১৪৩/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৪। | আদর্শ বিদ্যানিকেতন মানিকদী স্কুল সংলগ্ন শিক্ষকদের জন্য নির্মিত তিনতলা বিশিষ্ট দুই ইউনিটের ০৬টি বাসার ভিতরে মেরামত ও রক্ষণাবেক্ষণসহ রংকরণ। | ১,৯৯,৮৮০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৫। | আদর্শ বিদ্যানিকেতন মানিকদী স্কুল সংলগ্ন শিক্ষকদের জন্য নির্মিত তিনতলা বিশিষ্ট দুই ইউনিটের ০৬টি বাসার বাহিরে, সিঁড়িঘর ও বাউন্ডারী ওয়াল মেরামত ও রক্ষণাবেক্ষণসহ রংকরণ। | ১,৯৯,০৭৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ভবন নং-৪৮/এ, বাসা নং-০১ (নিচতলা দক্ষিণ পার্শ্ব) মেরামত ও রক্ষণাবেক্ষণসহ রংকরণ। | ১,১০,৩২৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার কোয়ার্টার নং-২৫/এ-৩ (দোতলা পশ্চিম পার্শ্বে) মেরামত ও রক্ষণাবেক্ষণ করণ। | ৭৮,৪০১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৮। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন প্রধান শিক্ষকের বাসার দরজা জানালা মেরামত, ওয়াল ও সিলিং আস্তর, কিচেন, টয়লেট, গোসলখানায় টাইল্স স্থাপন কাজ। | ১,৯৫,৮৪০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৯। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন প্রধান শিক্ষকের বাসার টিনসেড ঘর মেরামত, ছাদ ও ফ্লোরে ঢালাই এবং বাহিরের ড্রেন মেরামত ও নির্মাণ কাজ। | ১,৯৫,৯৭৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১০। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন প্রধান শিক্ষকের বাসার সেনেটারী পানির লাইন, বৈদ্যুতিক লাইন মেরামতকরণ। | ৮৯,৪২১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১১। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন প্রধান শিক্ষকের বাসার ভিতরে বাহিরে এবং বাউন্ডারী ওয়াল রংকরণ। | ৯৭,৩৮১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১২। | পানি ও বিদ্যুৎ শাখার পিক-আপ নং-ঢাকা মেট্রো-ঠ-১১-১০৪ এর জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ সরবরাহ ও স্থাপন কাজ। | ৩৪,৬০৬/- | বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাক্ষেণ (ঙ-২-খ) | সংশ্লিষ্ট ড্রাইভারের ১৪/১০/১৫ তারিখের আবেদনপত্র |
| ১৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/ এ নং স্টাফ কোয়ার্টারের ছাদের পানির ট্যাংকির পুরাতন ১" লাইন পরিবর্তন করে নতুন ১½" লাইন স্থাপন কাজ। | ৫০,৩০৯/৪৫ | পানির মেরামত ও রক্ষণাবেক্ষণ | সংশ্লিষ্ট বাসায় বসবাসকারীদের ০৪/১১/২০১৫ তারিখের আবেদনপত্র |
| ১৪। | মিরপুর ক্যান্টনমেন্ট এলাকার বৈদ্যুতিক পোলে নিরাপত্তা বাতির পুরাতন টিউব লাইট শেড পরিবর্তন করে নতুন টিউব লাইট শেড স্থাপন ও পোল রংকরণ। | ৩,১৩,৪৯৭/- | বোর্ডের স্থানীয় আয় | এনডিসি, মিরপুর এর ২৬/১০/২০১৫ তারিখের ২৬.১০.৯০২.০০০.০৬.০৪০.০৮.২৬.১০.১৫/৮ নং পত্র |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫। | আবাসিক এলাকায় রাত্রিকালীন নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উচ্চ ক্ষমতা সম্পন্ন সিকিউরিটি লাইট (১০০ ওয়াট এলইডি) স্থাপন কাজ। | ১,৯৩,৮৯৩/- | বোর্ডের স্থানীয় আয় | ১৩ এমপি ইউনিটের ১২/১১/২০১৫ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০২.০৯৯.০১.১১.১১.১৫ নং পত্র |
| ১৬। | হাজী মহসিন সংলগ্ন প্রধান সড়কে বিদ্যমান ম্যানুয়াল ট্রাফিক সিগন্যাল এর পরিবর্তে অটোমেটিক ট্রাফিক সিগন্যাল এবং ৪৬ পদাতিক ব্রিগেডের প্রবেশ পথে ০১টি ট্রাফিক সিগন্যাল পোষ্ট স্থাপন কাজ। | ৫,১৪,৫০০/- | বোর্ডের স্থানীয় আয় | ১৩ এমপি ইউনিটের ২০/১০/২০১৫ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০২.০৯৯.০১.১৮.১০.১৫ নং পত্র |
| ১৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পানি সরবরাহ লাইনের ৬" ডায়া ০৩টি স্লুইচ বাল্ব পরিবর্তন ও স্লুইচ পিটের ঢাকনা স্থাপন কাজ। | ৬৬,২৮৪/- | পানির মেরামত ও রক্ষণাবেক্ষণ | পাম্প অপারেটর মোঃ নুর হোসেন এর ০৫/১১/২০১৫ তারিখের আবেদন। |
| ১৮। | মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের পূর্ব পার্শ্বের ড্রেনের উপর আরসিসি স্লাব নির্মাণ কাজ। | ৪৯,৭৪০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ১৯। | সিএমএইচ এর আউটগেটের সম্মুখে শহীদ সরণিতে ইউটার্নের জন্য রাস্তা সম্প্রসারণ ও ফুটপাত এবং ড্রেন পুনঃনির্মাণ কাজ। | ৩,৯০,৩৬৬/- | রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ২০। | ভাষানটেকগামী রাস্তা মেরামত ও ৭০৩ মিডিয়াম ওয়ার্কসপের সম্মুখে ডেসকো কর্তৃক কর্তণকৃত রাস্তা মেরামত কাজ। | ১,২৭,১১৬/- | ডেসকো কর্তৃক রাস্তার ক্ষতিপূরণ বাবদ জমাকৃত অর্থ এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২১। | মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন শপিং কমপ্লেক্স এর ইলেক্ট্রোমেকানিক্যাল অংশের সংশোধিত মূল্যানুমান। | ১৯,৬৪,৯৬,০০০/- | সালামী বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা | |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিকদের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার জন্য উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়ন করা প্রয়োজন।

গৃহীত সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১৫ এর ক্রমিক নং-১৬ ব্যতীত অন্যান্য প্রকল্পের মূল্যানুমানসমূহ অনুমোদন করা হয়। ক্রমিক নং-১, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৭ ও ১৯ এ বর্ণিত প্রকল্পগুলোর বিপরীতে বাজেট বরাদ্দ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। অবশিষ্ট প্রকল্পগুলোর মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৬: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ফটোকপি মেশিন ক্রয়করণ। | ৩,৫০,০০০/- | নিউ ইউনির্ভাসেল অফিস, ১৪৫ মতিঝিল, ঢাকা | ৩,৪৯,৭০০/- | বাজেট বরাদ্দ | |
| ২। | রজনীগন্ধা সুপার মার্কেটের স্বাধীনতা চত্বরের গ্রীল মেরামত ও রংকরণ এবং ইলেকট্রিক ওয়ার্কসহ অন্যান্য কাজ। | ৭,৯৪,৬৫০/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ৭,৫৫,৯১৭/- | বোর্ডের স্থানীয় আয় | লটারীতে বিজয়ী (ঘটনোত্তর অনুমোদন) |
| ৩। | কচুক্ষেত পুরান বাজার এলাকা (চ্যাপ্টার্ড এরিয়া) সিবি-২৭২/৬ এর সম্মুখের রাস্তা উঁচুকরণসহ পাকাকরণ কাজ। | ৩,২৯,১২৫/- | মেসার্স রফিক এন্ড ব্রাদার্স | ৩,১২,৬৬৮/৭৫ | বোর্ডের স্থানীয় আয় | লটারীতে বিজয়ী |
| ৪। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের পশ্চিম ব্লকে দ্বিতীয় তলার উপর ৩য় তলা নির্মাণ কাজ। | ৫২,৯৫,৩৭১/- | মেসার্স এম এ ওয়াহেদ | ৫৫,৫৪,৮৪৪/- | অনুদান | পিসিবি কর্তৃক মিনিটশীট অনুমোদিত হওয়ায় ঘটনোত্তর অনুমোদন |
| ৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের স্টাফ পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৯৭(২য় তলা) সংস্কার, মেরামত এবং বাসা নং-১০৬ এর সামনে কলাপসিবল গেইট নির্মাণ ও ১০৬ (২য় তলা) দক্ষিণ পার্শ্বে বাসা সংস্কার, মেরমাত কাজ। | ১,২২,৬১০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,২৮,২৫০/৬৭ | পরিত্যক্ত সম্পত্তির খাত | |

আলোচনা : আলোচ্য বিষয়-১৬ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। দরপত্র ঢাকা গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির (টিইসি) পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করেছে।

গৃহীত সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১৮ এর ০৫ (পাঁচ)টি প্রকল্পের দর অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন করা হয়। প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৭: মহাখালী ডিওএইচএস এর ৪৪৩ নং প্লটে নির্মিত বাড়ী সংলগ্ন ৪৪৪ নং প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত Developer কর্তৃক বাড়ী নির্মাণ করার সময় ৪৪৩ নং প্লটের স্যুয়ারেজ লাইন ও পিট ক্ষতিগ্রস্ত জনিত কারণে বিষয়টি সুরাহ করার জন্য গঠিত কমিটির প্রতিবেদন।

আলোচনা : মহাখালী ডিওএইচএস এর ৪৪৩ নং প্লটে নির্মিত বাড়ী সংলগ্ন ৪৪৪ নং প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত Developer কর্তৃক নির্মাণ কাজ করার জন্য ৪৪৩ নং প্লটের স্যুয়ারেজ লাইন ও পিট ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টি সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য গত ০৯ এপ্রিল, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-২১ এর মাধ্যমে কমিটি গঠন করা হয়। গত ২০ অক্টোবর, ২০১৫ তারিখে দাখিলকৃত কমিটির প্রতিবেদনে ডেভলোপার কর্তৃক নিজ খরচে এবং নিজস্ব দায়িত্বে ক্ষতিগ্রস্থ স্যুয়ারেজ লাইন মেরামত করে প্লট মালিকের নিকট হতে ছাড়পত্র গ্রহণ করবে অথবা উক্ত কাজের জন্য প্রস্তুতকৃত মূল্যানুমান মোতাবেক ১,১১,৭৭২.০০ (এক লক্ষ এগার হাজার সাতশত বাহাত্তর) টাকা প্লট মালিককে পরিশোধ করবে মর্মে সুপারিশ করা হয়েছে। উল্লেখ্য যে, ইতোপূর্বে সংশ্লিষ্ট ডেভলোপার কর্তৃক ইতোপূর্বে ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ৪৪৩ নং প্লট মালিককে পরিশোধ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : কমিটির সুপারিশ মোতাবেক Developer কর্তৃক নিজ খরচে এবং নিজস্ব দায়িত্বে মহাখালী ডিওএইচএস এর ৪৪৩ নং বাড়ীর ক্ষতিগ্রস্থ স্যুয়ারেজ লাইন মেরামত করে প্লট মালিকের নিকট হতে ছাড়পত্র গ্রহণ করে ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে অথবা উক্ত কাজের জন্য প্রস্তুতকৃত মূল্যানুমান মোতাবেক ১,১১,৭৭২.০০ (এক লক্ষ এগার হাজার সাতশত বাহাত্তর) টাকা হতে ইতোপূর্বে পরিশোধিত ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা বাদ দিয়ে অবশিষ্ট টাকা প্লট মালিককে পরিশোধ করবে। বিষয়টি প্লট মালিক, সংশ্লিষ্ট Developer এবং মহাখালী ডিওএইচএস পরিষদকে অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-১৮: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের দক্ষিণ ও পশ্চিমাংশের একতলা ভবন নিলামে বিক্রির জন্য মেসার্স নয়ন এন্টারপ্রাইজ, সিবি-৩, রোড-০৯, ঢাকা সেনানিবাস, ঢাকা ১,৮৫,০০০/- (এক লক্ষ পঁচাশি হাজার) টাকার সর্বোচ্চ দর ঘটনোত্তর অনুমোদন।

আলোচনা : শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের দক্ষিণ ও পশ্চিমাংশের একতলা ভবন নিলামে বিক্রির জন্য ১,৬২,৭০০/- (এক লক্ষ বাষট্টি হাজার সাতশত) টাকার এমআরপি প্রস্তুত করা হয়। গত ১৭/১০/২০১৫ তারিখের দৈনিক ভোরের ডাক এবং দি ডেইলি অবজারভার পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে ০৪/১১/২০১৫ তারিখে দরপত্র আহবান করা হয়। নির্ধারিত তারিখে জিডিও'র উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয় এবং মোট ০৮(আট)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স নয়ন এন্টারপ্রাইজ, সিবি-৩, রোড-০৯, ঢাকা সেনানিবাস, ঢাকা ১,৮৫,০০০/- (এক লক্ষ পঁচাশি হাজার) টাকার সর্বোচ্চ দর দাখিল করেন। প্রাপ্ত সর্বোচ্চ দর বাস্তবসম্মত এবং যুক্তিযুক্ত মর্মে তা অনুমোদনের জন্য টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি সুপারিশ/মতামত প্রদান করে। বিষয়টি মিনিটশীটের মাধ্যমে প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। ঘটনোত্তর অনুমোদন করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত : শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের দক্ষিণ ও পশ্চিমাংশের একতলা ভবন নিলামের নিমিত্ত জন্য মেসার্স নয়ন এন্টারপ্রাইজ, সিবি-৩, রোড-০৯, ঢাকা সেনানিবাস, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,৮৫,০০০/- (এক লক্ষ পঁচাশি হাজার) টাকার সর্বোচ্চ দর ঘটনোত্তর অনুমোদন করা হয়।

আলোচ্য বিষয়-১৯: ক্যান্টনমেন্ট বোর্ডের সকল গাড়ীর জন্য জগ ও হুইল রেঞ্জ ক্রয়ের নিমিত্ত ১৮,৫০০.০০ টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত গাড়ীর জন্য গাড়ীর নম্বরের পার্শ্বে বর্ণিত যন্ত্রপাতি ক্রয় করতে ১৮,৫০০.০০ (আঠার হাজার পাঁচশত) টাকা ব্যয় হবে ঃ-

| ক্রমিক নং | গাড়ী নম্বর | যন্ত্রাংশ | পরিমাণ | ব্যয়ের খাত | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা মেট্রো-অ-১১-০৩৫২ | জগ | ০১টি | আর্মি কঞ্জাঃ | ১৮,৫০০/- |
| ২। | ঢাকা মেট্রো-অ-৮৩৯৪ | জগ | ০১টি | বিএএফ | |
| ৩। | ঢাকা মেট্রো-১৪-১৫২১ | জগ এবং হুইলরেঞ্জ | ০২টি | আর্মি | |
| ৪। | ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ | জগ | ০১টি | সাধারণ | |
| ৫। | ঢাকা মেট্রো-নতুন ট্রাক | জগ | ০১টি | সাধারণ | |
| ৬। | ঢাকা মেট্রো-অ-১১-১১৬৩ | জগ | ০১টি | সাধারণ | |
| ৭। | ঢাকা মেট্রো-অ-১১-১১২৭ | জগ | ০১টি | আর্মি | |
| ৮। | ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ | জগ | ০১টি | বিএএফ | |
| ৯। | ঢাকা মেট্রো-অ-১১-১১৬২ | জগ | ০১টি | আর্মি | |
| ১০। | ঢাকা মেট্রো-অ-১১-১২৬৯ | জগ এবং হুইলরেঞ্জ | ০২টি | নেভী | |
| ১১। | পানিবাহিত গাড়ী (বাউজার) | জগ | ০১টি | উদ্যান | |
| ১২। | ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ | জগ | ০১টি | সাধারণ | |
| ১৩। | ঢাকা মেট্রো-অ-১১-৩৩৯২ | জগ | ০১টি | সাধারণ | |

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ডের সকল গাড়ীর জন্য জগ ও হুইল রেঞ্জ ক্রয়ের নিমিত্ত ১৮,৫০০.০০ (আঠার হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় স্ব স্ব শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে। দরপত্র আহবান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২০: ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার নং-ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮ যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ৬৭,৭০০.০০ (সাতষট্টি হাজার সাতশত) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার নং-ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮ মেরামতের নিমিত্ত নিম্নবর্ণিত যন্ত্রাংশ ক্রয়ের জন্য ৬৭,৭০০.০০ (সাতষট্টি হাজার সাতশত) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১। | গিয়ার বক্স মাউটিং | ০১টি | ৫০০০.০০ | ৫০০০.০০ |
| ২। | চাকা (১৮৫.৭০.১৪ ডানলপ) ইন্দোনেশিয়া | ০৪টি | ৭৯৫০.০০ | ৩১৮০০.০০ |
| ৩। | প্লাগ | ০৪টি | ২৩৭.৫০ | ৯৫০.০০ |
| ৪। | এসি কমপ্রেসার | ০১টি | ১০০০০.০০ | ১০০০০.০০ |
| ৫। | গ্যাস চার্জ ও লেবার চার্জ | ০১টি | ২৫০০.০০ | ২৫০০.০০ |
| ৬। | হ্যাঙ্গার বুশ | ০২টি | ১১০০.০০ | ২২০০.০০ |
| ৭। | মবিল ফিল্টার | ০১টি | ৬৫০.০০ | ৬৫০.০০ |
| ৮। | এয়ার ক্লিনার ফিল্টার | ০১টি | ৫০০.০০ | ৫০০.০০ |
| ৯। | হেড লাইট বাল্ব | ০১টি | ৩০০.০০ | ৩০০.০০ |
| ১০। | এসি কমপ্রেসার পাইপ | ০১টি | ৬৬০০.০০ | ৬৬০০.০০ |
| | | | মোট = | ৬৭,৭০০.০০ |

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার নং-ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮ মেরামতের নিমিত্ত বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের জন্য ৬৭,৭০০.০০ (সাতষট্টি হাজার সাতশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২১: ক্যান্টনমেন্ট বোর্ডের ট্রাক/পিক-আপ ও অন্যান্য গাড়ী মেরামতের জন্য অবশ্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত ৩,০১,১০০.০০ (তিন লক্ষ এক হাজার একশত) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে বর্তমানে ৩১ টি গাড়ী আছে। গাড়ীগুলো নিয়মিত মেরামত ও সার্ভিসিং এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাবে প্রায়শ:ই কাজে বিঘ্ন ঘটছে। নিম্নবর্ণিত যন্ত্রপাতিগুলো ক্রয় করা প্রয়োজনঃ-

| ক্রমিন নং | বিবরন | পরিমান | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | হাইড্রোলিক গ্রীজ গান | ০১টি | ৯৫০০.০০ | ৯৫০০.০০ |
| ২। | কমপ্রেসার মেশিন | ০১টি | ৭০০০০.০০ | ৭০০০০.০০ |
| ৩। | বাইশ (১০ কেজি ওজন) | ০১টি | ২৫০০.০০ | ২৫০০.০০ |
| ৪। | ব্যাটারী চার্জার | ০১টি | ১৭৫০০.০০ | ১৭৫০০.০০ |
| ৫। | পাওয়ার গান | ০১টি | ৭৫০০.০০ | ৭৫০০.০০ |
| ৬। | গুটি সেট | ০১টি | ৫০০০.০০ | ৫০০০.০০ |
| ৭। | গ্রান্ডিং মেশিন | ০১টি | ৪০০০.০০ | ৪০০০.০০ |
| ৮। | ড্রিল মেশিন | ০১টি | ২৫০০.০০ | ২৫০০.০০ |
| ৯। | আয়রন (তাতাল) | ০১টি | ৪৫০.০০ | ৪৫০.০০ |
| ১০। | চাকা খোলা ফিটিং মেশিন | ০১টি | ৭২০০০.০০ | ৭২০০০.০০ |
| ১১। | রিপিট গান | ০১টি | ৯০০.০০ | ৯০০.০০ |
| ১২। | ফ্লাক্সওবল পাইপ | ৫০গজ | ২৫.০০ | ১২৫০.০০ |
| ১৩। | ইলেকট্রিক ওয়েল্ডিং মেশিন | ০১টি | ২৬০০০.০০ | ২৬০০০.০০ |
| ১৪। | ওয়াটার প্রেসার গান | ০১টি | ৫২০০০.০০ | ৫২০০০.০০ |
| ১৫। | হাইড্রোলিক জগ (চাকা ওয়ালা) | ০১টি | ৩০০০০.০০ | ৩০০০০.০০ |
| | | | | ৩,০১,১০০.০০ |

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের যানবাহনগুলো নিয়মিত মেরামত ও সার্ভিসিং এর জন্য উপরোল্লিখিত যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত ৩,০১,১০০.০০ (তিন লক্ষ এক হাজার একশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ, আর্মি, নেভী, বিমান ও বিএটিবি কঞ্জারভেন্সী খাত হতে আনুপাতিক হারে সংকুলান করা হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২২: কঞ্জাভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-ম-১১-০০১৪ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত নিমিত্ত ২,১৪,২৬০.০০ (দুই লক্ষ চৌদ্দ হাজার দুইশত ষাট) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো'র কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ঢাকা মেট্রো-ম-১১-০০১৪ নং ট্রাকটি নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামত করতে ২,১৪,২৬০.০০ (দুই লক্ষ চৌদ্দ হাজার দুইশত ষাট) টাকা ব্যয় হবে।

| ক্র/নং | বিবরন | পরিমাণ | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১। | ফ্লোরের আরার দুই মাথায় কমর বক্স ৪ মিলি সিট দ্বারা তৈরী | -- | -- | ৫০০০০.০০ |
| ২। | ফ্লোরের দুই সাইডে ৩ মিলি সীট দ্বারা ৬ ইঞ্চি করে পট্রি | -- | -- | ৩৫০০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | দুই সাইডের ডালার ফ্রেম ১৪ গেজি ৩/২ বক্স দ্বারা তৈরী | -- | -- | ১০০০০.০০ |
| ৪। | সাইডের দুই ডালা ভিতরে ৩ মিলি সীট দ্বারা তৈরী | -- | -- | ১৭০০০.০০ |
| ৫। | ব্যাক ডালার ভিতরে সীট হবে ৩ মিলি | -- | -- | ১১০০৮.০০ |
| ৬। | কেবিনের পিছনের ডালা ৩ মিলি সীট দ্বারা ৬ ইঞ্চি একটি পট্রি | -- | -- | ৫০০০.০০ |
| ৭। | কেবিনের ছাদ মেরামত, কেবিনের পাদানি মেরামত, কেবিনের দুই পাল্লার গ্লাস ও লকসহ ডেন্টিং | -- | -- | ৩৮০০০.০০ |
| ৮। | কেবিনের রং ডিকো এবং ডেন্টিং পেইন্টিং | -- | -- | ২০০০০.০০ |
| ৯। | পিছনের বডি, রং, এনামেল হাতে করা হবে | -- | -- | ৭০০০.০০ |
| ১০। | সামনের বাম পাশের স্প্রিং পাতি | ০১টি | ৩৫০০.০ | ৩৫০০.০০ |
| ১১। | কোয়ার্টার পিন | ০৮টি | ১৮০.০০ | ১৪৪০.০০ |
| ১২। | বুশ | ০৮টি | ১৫০.০০ | ১২০০.০০ |
| ১৩। | সকেব জাবার বুশ | ০৮টি | ৭০.০০ | ৫৬০.০০ |
| ১৪। | কিংপিন সেট | ০২টি | ২৩৫০.০০ | ৪৭০০.০০ |
| ১৫। | চাকার বল্টু | ০৮টি | ২২০.০০ | ১৭৬০.০০ |
| ১৬। | ইবোল্টু | ০২টি | ৩৫০.০০ | ৭০০.০০ |
| ১৭। | স্প্রিং জোলনা মেরামত | ০৪টি | ৬৫০.০০ | ২৬০০.০০ |
| ১৮। | সেন্টার বল্টু | ০১টি | ১৫০.০০ | ১৫০.০০ |
| ১৯। | টাইডেন এন | ০২টি | ১১০০.০০ | ২২০০.০০ |
| ২০। | টাইডেন পুশরড | ০১টি | ১৭০০.০০ | ১৭০০.০০ |
| ২১। | কোয়ার্টার পিন লক | ০৮টি | ৫০.০০ | ৪০০.০০ |
| ২২। | মবিল ফিল্টার ও ডিজেল ফিল্টার | ০১সেট | ৩৫০.০০ | ৩৫০.০০ |
| | | | মোট = | ২,১৪,২৬০.০০ |

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ঢাকা মেট্রো-ম-১১-০০১৪ নং ট্রাকটি বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামতের নিমিত্ত ২,১৪,২৬০.০০ (দুই লক্ষ চৌদ্দ হাজার দুইশত ষাট) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো'র কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৩: ঈদগাহ মাঠ, ক্যান্টবোর্ড অফিস, জিয়া কলোনী এবং শহীদ সরণির উভয় পাশের সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন প্রকার ফুলের চারা ক্রয়ের নিমিত্ত ২৮,১৭৪.০০ (আটাশ হাজার একশত চুয়াত্তর) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ২০১৫ সালের শীত মৌশুমে ঈদগাহ মাঠ, ক্যান্টবোর্ড অফিস, জিয়া কলোনী এবং শহীদ সরণির উভয় পাশের সৌন্দর্য বর্ধনের জন্য নিম্নবর্ণিত ফুলের চারা ক্রয়ের নিমিত্ত ২৮,১৭৪.০০ (আটাশ হাজার একশত চুয়াত্তর) টাকা ব্যয় হবে ঃ-

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১। | কাঞ্চন ৯ | ৩০টি | ৩৯০.০০ | ১১৭০০.০০ |
| ২। | কাঞ্চন ৬ | ১৫টি | ১৩০.০০ | ১৯৫০.০০ |
| ৩। | টিকোমা | ১৫টি | ১৫৬.০০ | ২৩৪০.০০ |
| ৪। | অরকেরীয়া | ০২টি | ৯৭৫.০০ | ১৯৫০.০০ |
| ৫। | ঝাউ | ১৬টি | ১০৪.০০ | ১৬৬৪.০০ |
| ৬। | পবন ঝাউ | ১৪টি | ১৮৫.০০ | ২৫৯০.০০ |
| ৭। | কাঠ বাদাম | ০২টি | ১০০.০০ | ২০০.০০ |
| ৮। | শেফালী ফুলগাছ | ০৪টি | ৫০.০০ | ২০০.০০ |
| ৯। | ড্রাগন | ০৩টি | ২০০.০০ | ৬০০.০০ |
| ১০। | শোনালু | ০৪টি | ১২০.০০ | ৪৮০.০০ |
| ১১। | বগন বিলাস | ০৪টি | ১২০.০০ | ৪৮০.০০ |
| ১২। | ডেউয়া গাছ | ০১টি | ৩০০.০০ | ৩০০.০০ |
| ১৩। | শিউলী ফুল গাছ | ০৪টি | ১০০.০০ | ৪০০.০০ |
| ১৪। | লেবু গাছের কলম (টবে) | ০২টি | ২০০.০০ | ৪০০.০০ |
| ১৫। | শরিফা ফল গাছ টবে | ০১টি | ৩০০.০০ | ৩০০.০০ |
| ১৬। | হাসনাহেনা ফুল গাছ | ০৩টি | ৫০.০০ | ১৫০.০০ |
| ১৭। | জামরুল গাছ | ০১টি | ৫০.০০ | ৫০.০০ |
| ১৮। | মাধবী লতা | ০২টি | ১০০.০০ | ২০০.০০ |
| ১৯। | একজোরা | ০৪টি | ৮০.০০ | ৩২০.০০ |
| ২০। | রাধাচূড়া | ০৪টি | ১৫০.০০ | ৬০০.০০ |
| ২১। | তেতুল গাছ | ০১টি | ১০০.০০ | ১০০.০০ |
| ২২। | চেরী ফুলগাছ টবে | ০৮টি | ১৫০.০০ | ১২০০.০০ |
| | | | মোট = | ২৮,১৭৪.০০ |

গৃহীত সিদ্ধান্ত : ২০১৫ সালের শীত মৌশুমে ঈদগাহ মাঠ, ক্যান্টবোর্ড অফিস, জিয়া কলোনী এবং শহীদ সরণির উভয় পাশের সৌন্দর্য বর্ধনের জন্য নিম্নবর্ণিত ফুলের চারা ক্রয়ের নিমিত্ত ২৮,১৭৪.০০ (আটাশ হাজার একশত চুয়াত্তর) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৪: ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য বৈদ্যুতিক মালামাল ক্রয়ের লক্ষ্যে ১২,৬৬,৩৪১/- (বার লক্ষ ছেষট্টি হাজার তিনশত একচল্লিশ) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার নিরাপত্তা বাতি (সোডিয়াম লাইট, টিউব লাইট, এনার্জি সেভিং লাইট ও সাধারণ বাল্ব), নিরাপত্তা বাতির বিভিন্ন যন্ত্রাংশ, বৈদ্যুতিক তার ইত্যাদি ক্রয়ের নিমিত্ত ১২,৬৬,৩৪১.০০ (বার লক্ষ ছেষট্টি হাজার তিনশত একচল্লিশ) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার নিরাপত্তা বাতির বৈদ্যুতিক মালামাল ক্রয়ের লক্ষ্যে ১২,৬৬,৩৪১.০০ (বার লক্ষ ছেষট্টি হাজার তিনশত একচল্লিশ) টাকা মূল্যানুমান অনুমোদন করা হয়। বাজেট বরাদ্দ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৫: সেনানিবাস এলাকায় অবৈধ যানবাহন প্রবেশের মামলার কাজে ব্যবহারের জন্য ২০১৫-২০১৬ অর্থ বছরে আর্মি এমপি ইউনিট, ১৩ এমপি ইউনিট ও বিমান বাহিনীকে অফিস স্টেশনারী এবং কম্পিউটার প্রিন্টার টোনার, ইত্যাদি মালামাল সরবরাহের লক্ষ্যে ৪,২৬,৪০০/- (চার লক্ষ ছাব্বিশ হাজার চারশত ) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা : ঢাকা সেনানিবাস এলাকায় মোটর যান অধ্যাদেশ ১৯৮৩ অনুযায়ী মিলিটারী পুলিশ কর্তৃক মামলা দাখিল ও নিষ্পত্তির কাজে বিভিন্ন স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ের নিমিত্ত ৪,২৬,৪০০.০০ (চার লক্ষ ছাব্বিশ হাজার চারশত) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাস এলাকায় মোটর যান অধ্যাদেশ ১৯৮৩ অনুযায়ী মিলিটারী পুলিশ কর্তৃক মামলা দাখিল ও নিষ্পত্তির কাজে বিভিন্ন স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ের নিমিত্ত ৪,২৬,৪০০.০০ (চার লক্ষ ছাব্বিশ হাজার চারশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৬: ঢাকা সেনানিবাস এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য ১০,০০০টি লিফ্লেট ছাপানো বাবদ ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন।

আলোচনা : গত ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৪ এর মাধ্যমে সেনানিবাসে বসবাসকারীদের সচেতন করার জন্য ডেঙ্গু প্রতিরোধের উপায় সম্বলিত লিফলেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ডেঙ্গু প্রতিরোধের উপায় সম্বলিত ১০,০০০টি লিফলেট প্রস্তুত করে বিতরণ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাস এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য ১০০০০টি লিফ্লেট ছাপানো বাবদ ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করা হয়। উক্ত কাজের যাবতীয় ব্যয় মুদ্রণ খাতের বাজেট বরাদ্দ হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৭: ২০১৫-২০১৬ অর্থ বছরে অফিসের জন্য স্টেশনারী মালামাল বাবদ ১,৩৮,৯৫০/- (এক লক্ষ আটত্রিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা এবং বিভিন্ন শাখার কম্পিউটার প্রিন্টার, ফটোকপিয়ার মেশিনের জন্য টোনার ক্রয় বাবদ ৩,৭৩,৪০০/- (তিন লক্ষ তিয়াত্তর হাজার চারশত) টাকার ব্যয়ের অনুমোদন।

আলোচনা : ২০১৫-২০১৬ অর্থ বছরে অফিসের জন্য স্টেশনারী মালামাল বাবদ ১,৩৮,৯৫০/- (এক লক্ষ আটত্রিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা এবং বিভিন্ন শাখার কম্পিউটার প্রিন্টার, ফটোকপিয়ার মেশিনের জন্য টোনার ক্রয় বাবদ ৩,৭৩,৪০০/- (তিন লক্ষ তিয়াত্তর হাজার চারশত) টাকার ব্যয়ের প্রয়োজন হবে।

গৃহীত সিদ্ধান্ত : ২০১৫-২০১৬ অর্থ বছরে অফিসের জন্য স্টেশনারী মালামাল বাবদ ১,৩৮,৯৫০/- (এক লক্ষ আটত্রিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা এবং বিভিন্ন শাখার কম্পিউটার প্রিন্টার, ফটোকপিয়ার মেশিনের জন্য টোনার ক্রয় বাবদ ৩,৭৩,৪০০/- (তিন লক্ষ তিয়াত্তর হাজার চারশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়। বাজেট বরাদ্দ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৮: গত ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৮ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সরেজমিন জরিপ কার্যক্রম পরিচালনা করে রজনীগন্ধা সুপার মার্কেটে আগত গাড়ীর সংখ্যা এবং পার্কিং করার পরিসংখ্যান অবলোকন।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং এর টোল নির্ধারনের বিষয়টি ২৬ সেপ্টেম্বর, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩৮ এর সিদ্ধান্তের আলোকে ইজারা গ্রহীতা জনাব মোঃ রতন শিকদার এর নিকট হতে দৈনিক ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা হারে গত ০২ বছর যাবত আদায় করা হচ্ছে। ক্যান্টনমেন্ট বোর্ডের আয় বৃদ্ধির লক্ষ্যে বিগত ২৯ জুলাই ২০১৩ তারিখের আলোচ্যসুচী-৯ এর সিদ্ধান্ত মোতাবেক অত্র দপ্তরের ৬ অক্টোবর, ২০১৫ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/কারপার্কিং/৯৮ নং পত্রে দৈনিক ২,১০০/-(দুই হাজার একশত) টাকা হারে পরিশোধ এবং জামানত হিসেবে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার পে-অর্ডার জমা করার জন্য অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ইজারা গ্রহীতা জনাব মোঃ রতন শিকদার টোল ফি দৈনিক ২,১০০/-(দুই হাজার একশত) টাকা স্থলে ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা এবং জামানত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার পরিবর্তে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা নির্ধারণ করার জন্য ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। বিষয়টি গত ২৭ অক্টোবর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্য বিষয়-৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে রজনীগন্ধা সুপার মার্কেটে আগত গাড়ীর সংখ্যা এবং পার্কিং করার একটি পরিসংখ্যান প্রস্তুতের জন্য এক সপ্তাহব্যাপী জরিপ পরিচালনা করে পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক অত্র দপ্তরের রাজস্ব শাখার কর্মকর্তা/কর্মচারী কর্তৃক পরিচালিত এক সপ্তাহের জরিপ পর্যালোচনায় দেখা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিংয়ে আগত গাড়ী হতে দৈনিক গড়ে ২,০২১.০০ (দুই হাজার একুশ) টাকা আদায় হয়।

গৃহীত সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং এর দৈনিক ইজারা ফি ১,৮০০.০০ (এক হাজার আটশত) টাকা এবং নিরাপত্তা জামানত হিসেবে ফেরতযোগ্য এককালীন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা নির্ধারণ করা হয়। নতুন নির্ধারিত এ হার ০১ ডিসেম্বর, ২০১৫ তারিখ হতে ৩০ নভেম্বর, ২০১৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য বলবৎ থাকবে।

**২৯বিবিধ-১ঃ** ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৩৭/এ নং প্লটের ইমারত নির্মাণের নকশা অনুমোদনের অভিযোগ প্রসংগে।

**আলোচনা :** ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৩৭/এ নং প্লটটির ইজারা গ্রহীতা মিসেস রহিমা খাতুন, স্বামী- সার্ভেয়ার জেনারেল এম হাফিজ উদ্দিন। বরাদ্দ গ্রহীতার মৃত্যুর পর মরহুমার স্বামী, ৩ পুত্র ও ৪ কন্যা উত্তরাধিকার সূত্রে উক্ত প্লটের মালিক হন। গত ০২/৬/২০০৯ তারিখে জনাব এম হাফিজ উদ্দিন তাঁর অংশ ৭(সাত) সন্তানের নামে হেবা দলিলমূলে দান করেন। উত্তরাধিকারীদের মধ্যে ৪(চার) বোন ১০/৬/২০০৯ তারিখে তাদের ভাই জনাব শামীম আহমেদ-কে আম-মোক্তার নিযুক্ত করেন। জনাব শামীম আহমেদ ও তাঁর ভাই জনাব সালাউদ্দিন আহমেদ এর যৌথ স্বাক্ষরে উক্ত প্লটে ০৬(ছয়) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদনের জন্য আবেদন করা হলে ০৪/৫/২০১১ তারিখে সম্পূর্ণ প্লটে ০৬(ছয়) তলা ভবনের নকশা অনুমোদন করা হয়। অতঃপর মোমেন রিয়েল এস্টেট এর সাথে প্লট মালিকগণ বাড়ী নির্মাণের জন্য চুক্তিপত্রে আবদ্ধ হয়ে ৪ বোনের পক্ষে পাওয়ার অব এটর্নি বলে জনাব শামীম আহমেদ এবং ভাইদের পক্ষে পাওয়ার অব এটর্নি বলে মোমেন রিয়েল এস্টেট এর পক্ষে জনাব আহমেদ রিয়াদ মোমেন কর্তৃক স্বাক্ষরিক ২১/৩/২০১২ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে ০৭(সাত) তলা ভবনের সংশোধিত নকশা অনুমোদনের জন্য আবেদন করেন। দাখিলকৃত ০৭(সাত) তলা ভবনের নকশা ইমারত নির্মাণ উপ-আইন, ২০১১ অনুযায়ী সঠিক থাকায় তা ২৯/১১/২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১৫(২২) নং সিদ্ধান্তের মাধ্যমে অনুমোদিত হয়। উল্লেখ্য যে, প্লট বিভাজনের কোন আবেদন ক্যান্টনমেন্ট বোর্ডে কোন পক্ষ হতে পাওয়া যায়নি এবং ক্যান্টনমেন্ট বোর্ড হতে প্লট বিভাজনের কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। আরো উল্লেখ্য যে, একই প্লটে (৩৭/এ) বিদ্যমান কোন ভবন সংলগ্ন খালি জায়গায় নতুন আরেকটি ভবন নির্মাণের ক্ষেত্রে জমির লভ্যতা সাপেক্ষে কারিগরী দিক থেকে গ্রহণযোগ্য VOID রাখা যেতে পারে। সেমতে বিদ্যমান বিধি-বিধানের আলোকে ৩৭/এ নং প্লটে ইমারত নির্মাণের নকশা কারিগরী দিক বিবেচনায় অনুমোদন দেয়া হয়েছে। সার্বিক বিবেচনায় নকশা অনুমোদনে ত্রুটি ও প্লট বিভাজনের অভিযোগ আমলযোগ্য নয় মর্মে বোর্ডের নির্বাহী প্রকৌশলী সভায় মত প্রকাশ করেন।

**গৃহীত সিদ্ধান্ত:** ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৭/এ নং প্লটে স্বয়ং অভিযোগকারীসহ অন্যান্যদের আবেদনের প্রেক্ষিতে ইমারত নির্মাণ বিধি-বিধানের আলোকে বোর্ডসভা কর্তৃক ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হয়েছে বিধায় জনাব শামীম আহমেদ এর ১০ নভেম্বর, ২০১৫ তারিখের আবেদনটি বিবেচনার অবকাশ নেই মর্মে আবেদনকারীকে অবহিত করতে হবে।

**২৯ বিবিধ-২ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালে নষ্ট হওয়া ১৬ চ্যানেলের ডিভিআর মেশিনের পরিবর্তে ২৪ চ্যানেলের ডিভিআর মেশিন স্থাপন, পুরাতন হাসপাতালের জন্য নতুন ০৫টি সিসি ক্যামেরা সংযোজন এবং Coaxial Cable (RG-6) দ্বারা নতুন ওয়্যারিংকরণ। | ৩,৩৫,৪০০/- | হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | চীফ মেডিক্যাল অফিসারের ০১/১১/২০১৫ তারিখের ২২৩ নং পত্র। |
| ২। | রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের অকেজো টিন পরিবর্তন করে নতুন প্রফাইল শীট স্থাপন। | ১,৯৯,৯৪৬/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৩। | মহাখালী ডিওএইচএস এলাকার ১৪ নং রোডের ড্রেন পরিষ্কার, মেরামত ও স্ল্যাব নির্মাণ কাজ এবং ১ নং রোড ও ইস্টার্ণ রোডের ফুটপাতের নিচের ড্রেন ও কালভার্ট পরিষ্কার করণ। | ১,৯৬,৫৭৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল | |
| ৪। | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর মিরপুর ক্যান্টনমেন্টে আগমন উপলক্ষে অগ্রাধিকার ভিত্তিতে এনডিসি হতে বিইউপি পর্যন্ত রাস্তার গর্ত মেরামত ও সিলকোটকরণ। | ৫,৬৭,১৭৯/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৫। | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর মিরপুর ক্যান্টনমেন্টে আগমন উপলক্ষে অগ্রাধিকার ভিত্তিতে এনডিসি হতে বিইউপি পর্যন্ত সড়ক দ্বীপসমূহ রংকরণ ও নির্দেশিকা বোর্ডসমূহ তাজাকরণ। | ১,৪৩,৪০৬/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৬। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন ৪র্থ শ্রেণীর ৪টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৯৯,৫৯১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |

**আলোচনা :** উপরোল্লিখিত প্রকল্পগুলো সেনানিবাসের বাসিন্দাদের প্রয়োজনীয় বিধায় জরুরী ভিত্তিতে সম্পাদন করা প্রয়োজন।

**গৃহীত সিদ্ধান্ত :** আলোচ্য বিষয়-২৯বিবিধ-২ এর ক্রমিক নং-১ ব্যতীত অন্যান্য প্রকল্পগুলোর মূল্যানুমান অনুমোদন করা হয়। ক্রমিক নং-২ ও ৬ এ উল্লেখিত প্রকল্পটির বাজেট বরাদ্দ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। অবশিষ্ট প্রকল্পগুলোর চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। ক্রমিক নং-৬ এ উল্লেখিত বাসা ৪টি কেবল মাত্র ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এর বাসভবন ও বোর্ড অফিসের সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত কর্মচারীদের (ড্রাইভার/নিরাপত্তা প্রহরী/পরিচ্ছন্নতা কর্মী) জন্য সংরক্ষিত থাকবে এবং প্রতিটি বাসার জন্য মাসিক ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে ভাড়া আদায় করা হবে।

**২৯ বিবিধ-৩ঃ** ঢাকা সেনানিবাস এলাকায় ২০ বীর আরপি চেকপোষ্ট হতে ১৩ এমপি চেকপোষ্ট (ক্যান্টেনস্ বেকারী সংলগ্ন) পর্যন্ত নতুন সড়কের পার্শ্বে নিরাপত্তা বাতির পোল অপসারণ ও পুনঃস্থাপন প্রসংগে।

**আলোচনা :** ঢাকা সেনানিবাস এলাকায় ২০ বীর আরপি চেকপোষ্ট হতে ১৩ এমপি চেকপোষ্ট (ক্যান্টেনস্ বেকারী সংলগ্ন) পর্যন্ত নতুন সড়কের পার্শ্বে নিরাপত্তা বাতির পোল অপসারণ ও পুনঃস্থাপন করা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়।

**গৃহীত সিদ্ধান্ত :** প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড, ক্যান্টমেন্ট একজিকিউটিভ অফিসার ও নির্বাহী প্রকৌশলী সরেজমিন পরিদর্শন করে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

**২৯ বিবিধ-৪ঃ** কচুক্ষেত পুরান বাজার এলাকায় নিরাপত্তা ও শৃঙ্খলা কমিটি গঠন।

**আলোচনা :** আপাততঃ এ ধরনের কমিটির প্রয়োজন নেই মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

**গৃহীত সিদ্ধান্ত :** কচুক্ষেত পুরান বাজার এলাকায় নিরাপত্তা ও শৃঙ্খলা সংক্রান্ত কমিটি গঠনের বিষয়টি আপততঃ স্থগিত থাকবে।

২৯ বিবিধ-৫ঃ মিরপুর সেনানিবাসের রাস্তা ও ফুটপাত মেরামত।

আলোচনা : মিরপুর সেনানিবাসের রাস্তা ও ফুটপাত অনেকাংশ নষ্ট হয়ে জন ও যান চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। মিরপুর সেনানিবাসে প্রায়শঃই ভিভিআইপিগণ গমন করে থাকেন বিধায় উক্ত সেনানিবাসের রাস্তা ও ফুটপাত জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।

গৃহীত সিদ্ধান্ত : মিরপুর সেনানিবাসের রাস্তা ও ফুটপাত মেরামতের মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হবে।

২৯ বিবিধ-৬ঃ জিয়া কলোনী-আইএসএসবি রাস্তার ধারে ফুটপাতে সাইকেল ট্র্যাক ও ড্রেন নির্মাণ।

আলোচনা : জিয়া কলোনী-আইএসএসবি রাস্তার ধারে ফুটপাতে সাইকেল ট্র্যাক ও ড্রেন নির্মাণের বিস্তারিত ড্রয়িং ডিজাইন প্রস্তুত করা আছে মর্মে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস সভাকে জানান।

গৃহীত সিদ্ধান্ত : জিয়া কলোনী-আইএসএসবি রাস্তার ধারে ফুটপাতে সাইকেল ট্র্যাক ও ড্রেন নির্মাণের বিস্তারিত ড্রয়িং ডিজাইন সংগ্রহ করে মূল্যানুমান প্রস্তুত করত: আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

২৯ বিবিধ-৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের মাস্টারের প্ল্যান তৈরী।

আলোচনা : বাস্তবতার নিরিখে ও উক্ত এলাকার চাহিদা মোতাবেক রজনীগন্ধা সুপার মার্কেটের জন্য একটি সময়োপযোগী মাস্টার প্ল্যান প্রণয়ণ করা প্রয়োজন।

গৃহীত সিদ্ধান্ত : খসড়া মাস্টার প্ল্যান আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

২৯ বিবিধ-৮ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের অর্গানোগ্রাম ও প্রস্তাবিত বেতন কাঠামো অনুমোদন।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের অর্গানোগ্রাম ও প্রস্তাবিত বেতন কাঠামো কমিটি কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ডের অর্গানোগ্রাম ও প্রস্তাবিত বেতন কাঠামো চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

২৯ বিবিধ-৯ঃ ক্যান্টনমেন্ট বোর্ড বাস স্ট্যান্ড ও পাবলিক টয়লেটে সংস্কার/উন্নয়ন এবং চালুকরণ।

আলোচনা : ঢাকা সেনানিবাস এলাকায় বিদ্যমান বাসস্ট্যান্ড ও পাবলিক টয়লেটসমূহ আধুনিকায়ন ও দৃষ্টি নন্দন করে জনগণের ব্যবহারোপযোগী করা প্রয়োজন।

গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান ও নকশা প্রণয়ন করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২৯ বিবিধ-১০ঃ স্টেশন হেলথ অফিসের জন্য প্রস্তাবিত সরঞ্জাম সরবরাহ।

আলোচনা : ঢাকা সেনানিবাস এলাকায় মশক নিধন কার্যক্রম জোরদার করার জন্য স্টেশন হেথল অফিসকে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করার জন্য সভায় উপস্থিত স্টেশন হেলথ অফিসার মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক অনুরোধ জানান।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাস এলাকায় মশক নিধন কার্যক্রম জোরদার করার জন্য স্টেশন হেথল অফিসকে ০৫(পাঁচ)টি হ্যান্ড স্প্রে মেশিন, ০৫(পাঁচ)টি ব্যাটারী চার্জার ও ০১(এক)টি ফগার মেশিন প্রদান করা হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে।

২৯ বিবিধ-১১ঃ বিমান বাহিনীর বেস বাশারের সম্মুখে ল্যান্ড স্কেপিং বাবদ প্রকল্প বাস্তবায়ন।

আলোচনা : বিমান বাহিনীর বেস বাশারের সম্মুখে ল্যান্ড স্কেপিং বাবদ প্রকল্প বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : বিমান বাহিনীর বেস বাশারের সম্মুখে ল্যান্ড স্কেপিং করার জন্য দৃষ্টি নন্দন নকশা প্রণয়ন করে মূল্যানুমানসহ চূড়ান্ত অনুমোদনের জন্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।

২৯ বিবিধ-১২ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮ নং প্লট ও প্লটে নির্মিত ০৩(তিন) তলা বাড়ী রেজিস্ট্রিকৃত হেবামূলে স্ত্রী, পুত্র ও কন্যার অনুকূলে হস্তান্তরের অনুমতি।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ৬৮ নং প্লট ও প্লটে নির্মিত ০৩ তলা বাড়ীটির বর্তমান রেকর্ডীয় মালিক জনাব মুহাম্মদ ফরিদ খান, পিতা-মরহুম সিরাজুল ইসলাম খান। তিনি উক্ত প্লট ও প্লটে নির্মিত ০৩ তলা বাড়ীটি (১) মুহাম্মদ ফয়সাল করিম খান, (২) ফাদিয়া খালেদা খান মইন (৩) ফারহান করিম খান ও (৪) ফারহানা ফরিদ খান, সর্বপিতা-মুহাম্মদ ফরিদ খান এর নামে ০২ মার্চ,২০১২ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। আবেদনপত্রটি ১৬ মে,২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৫(৫) এর সিদ্ধান্তে অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২২ মে, ২০১২ ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৬৮/১৯১ নং পত্রে ডিক্লারেশন অব হেবা মূলে পুত্র-কন্যাদের নামে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। পরবর্তীতে এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহন করা হয়নি। জনাব মুহাম্মদ ফরিদ খান উক্ত ০৩ তলা বাড়ীটি হেবা বিষয়ক ঘোষনাপত্র দলিলমূলে স্ত্রী, পুত্র ও কন্যা যথাক্রমে (১) স্ত্রী-সাইরা খান,স্বামী-মুহাম্মদ ফরিদ খান, (২) মুহাম্মদ ফয়সাল করিম খান, (৩) ফাদিয়া খালেদা খান মইন (৪) ফারহান করিম খান ও (৫) ফারহানা ফরিদ খান, সর্বপিতা-মুহাম্মদ ফরিদ খান এর নামে সমানভাবে হেবা বিষয়ক ঘোষনাপত্র দলিলমূলে হস্তান্তরের অনুমতি চেয়ে ২৪ নভেম্বর,২০১৫ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে নির্মিত বাড়ীর বার্ষিক গৃহকর ১৪,০০০/-টাকা জুন ২০১৫ পর্যন্ত পরিশোধ আছে।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত গ্রহণ করে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮ নং প্লট ও প্লটে নির্মিত ০৩(তিন) তলা বাড়ী রেজিস্ট্রিকৃত হেবামূলে স্ত্রী, পুত্র ও কন্যার অনুকূলে হস্তান্তরের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

২৯ বিবিধ-১৩ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮০ নং প্লটে নির্মিত বাড়ীর ২য় তলা পূর্ব পার্শ্বের ৩ নং ফ্ল্যাট হস্তান্তরের অনুমতি।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের ৮০ নং প্লটে নির্মিত ৫ তলা বাড়ীর ১৭০০ বর্গফুট আয়তনের ২য় তলার পূর্ব পার্শ্বের ৩ নং ফ্ল্যাটটির মালিক জনাব মোঃ এনামুল করিম, পিতা-মরহুম আলহাজ্ব এম এ রাজ্জাক নীচ তলায় একটি কার পার্কিং ও আনুপাতিকহারে অবিভক্ত অচিহ্নিত জমি এবং অন্যান্য সাধারণ সুবিধাদিসহ তিনি মেজর সাইদ মাহমুদুল হাসান(অবঃ), পিতা-মৃত আমিনুল হক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ২৭ সেপ্টেম্বর,২০১৫ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। প্রতিরক্ষা গোয়েন্দা মহপরিদপ্তর, ঢাকা সেনানিবাস প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ১২,০০০.০০ (বার হাজার) টাকা এবং তা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধ আছে। উক্ত প্লটের দখলে বরাদ্দে অতিরিক্ত জমি নেই এবং অননুমোদিত নির্মাণ নেই।

গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের ৮০ নং প্লটে নির্মিত ৫ তলা বাড়ীর ১৭০০ বর্গফুট আয়তনের ২য় তলার পূর্ব পার্শ্বের ৩ নং ফ্ল্যাটটি মেজর সাইদ মাহমুদুল হাসান (অবঃ), পিতা-মৃত আমিনুল হক এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়।

২৯ বিবিধ-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ০৫টি প্রতিষ্ঠানকে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তি।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য ১৯টি প্রতিষ্ঠান আবেদন করে।

গৃহীত সিদ্ধান্ত : প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

২৯ বিবিধ-১৫ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | লেঃ কর্ণেল মোহাম্মদ শাহ আলম (অবঃ) | ৬৭৯ | মিরপুর ডিওএইচএস | | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (২) | লেঃ কর্ণেল মোঃ আজিজুর রহমান, পিএসসি, জি (অবঃ) | ৯৯৭ | মিরপুর ডিওএইচএস | | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (৩) | (ক) শাহানা আক্তার<br>স্বামী- মেজর (অবঃ) মোঃ নূর-ই-আজাদ, বিপি<br>(খ) রুকাইয়া নূর<br>(গ) রুবাইয়া নূর<br>পিতা- মেজর (অবঃ) মোঃ নূর-ই-আজাদ, বিপি | ১০৮১ | মিরপুর ডিওএইচএস | | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| (৪) | মিসেস জুবাইদা বেগম<br>স্বামী- শহীদ কর্ণেল মোঃ মসীউর রহমান, পিএসসি | ১১৮৭ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ (সাত) তলা (পাইলের সংখ্যা ও দৈর্ঘ্য পরিবর্তন) |
| (৫) | বেগম আমাতুন নূর সাহেরা খাতুন গং | ৩৯ | সদর মহাখালী | | সংশোধিত ০৭ (সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও কচুক্ষেত এলাকার ১২টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন।

গৃহীত সিদ্ধান্ত : ১। Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য এলাকার জন্য অত্র দপ্তরের রাজস্ব শাখার এর ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-২৯বিবিধ-১৫ এর ক্রমিক নং-১, ২, ৩ ও ৪ এর ০৪টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদন করা হয়ঃ-

**শর্তাবলী**

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

২। আলোচ্য বিষয়-২৯বিবিধ-১৫ এর ক্রমিক নং- ৫ এ উল্লেখিত ১টি ভবনের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদন করা হয়। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

২৯ বিবিধ-১৬ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের নিরাপত্তার স্বার্থে জানালায় রডের জালি ও অন্যান্য কাজ সম্পাদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৭ অক্টোবর, ২০১৫ তারিখের ১/এমএলএন্ডসি/ইএসটিটি/২৩-৩/১৫৭ নং পত্র।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডে অবস্থিত ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন ৭ নং ভবনে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের অফিস ভবনে নিরাপত্তার স্বার্থে জানালায় রডের জালি ও অন্যান্য কাজ সম্পাদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৭ অক্টোবর, ২০১৫ তারিখের ১/এমএলএন্ডসি/ইএসটিটি/২৩-৩/১৫৭ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২৯ বিবিধ-১৭ঃ রজনীগন্ধা টাওয়ার এর বিদ্যুৎ বিল ও নিরাপত্তা প্রহরীদের বকেয়া চাঁদা পরিশোধ।

আলোচনা : রজনীগন্ধা টাওয়ার উদ্বোধনের পর অধিকাংশ দোকান না খোলায় মার্কেটের বিদ্যুৎ বিল ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিশোধ করা হচ্ছে। কিছু কিছু দোকান চালু হলেও বার বার তাগিদ দিয়েও অধিকাংশ দোকান চালু করা যচ্ছে না বিধায় মার্কেটের নিরাপত্তা প্রহরীদের মাসিক বেতন ও বিদ্যুৎ বিল আদায় হচ্ছে না।

গৃহীত সিদ্ধান্ত : সেপ্টেম্বর, ২০১৫ মাস হতে নিরাপত্তা প্রহরীদের মাসিক চাঁদা এবং ডেসকোর বিদ্যুৎ বিল আনুপাতিক হারে প্রতি দোকান/স্পেসের মাসিক দোকান ভাড়ার সাথে পরিশোধ করতে হবে মর্মে দোকান বরাদ্দলাভকারীদের নির্দেশনা দিতে হবে।

২৯ বিবিধ-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার অননুমোদিত প্রবেশ বন্ধের লক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের ডরমিটরীর দক্ষিণ পশ্চিম পার্শ্বে নিরাপত্তা দেয়াল নির্মাণ। | ৫৬,২৭৩/৩২ | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৫৭,৯৬১/১৯ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২. | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ সংলগ্ন বাসা নং-২ (নিচতলা পশ্চিম পার্শ্ব) এর মেরামত ও রক্ষণাবেক্ষণসহ রংকরণ কাজ। | ৫৬,২৭০/- | মেসার্স শাহীদুল ইসলাম এন্ড কোং | ৫৬,২৭০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/এ (নিচতলা) প্লটে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের জন্য নির্মিত ডুপ্লেক্স বাসস্থান মেরামত, রংকরণ ও সংস্কার কাজ। | ১,৯৯,৪২৩/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,৯৯,৪২৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

আলোচনা : আলোচ্য বিষয়-২৯ বিবিধ-১৮ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। দরপত্র বাক্স গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটি কর্তৃক খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির (টিইসি) পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামতসহ প্রদান করেছে।

গৃহীত সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-২৯ বিবিধ-১৮ এর ০৩ (তিন)টি প্রকল্পের দর অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন করা হয়। বাজেট বরাদ্দ সাপেক্ষে কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২৯ বিবিধ-১৯ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ক্যান্টনমেন্ট বোর্ডের 'সি' শ্রেণীভুক্ত জমিতে একটি দৃষ্টি নন্দন যাত্রী ছাউনী ও অস্থায়ী দোকান নির্মাণ।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোড সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের 'সি' শ্রেণীভুক্ত জমিতে যাত্রীদের সুবিধার্থে একটি দৃষ্টি নন্দন যাত্রী ছাউনী ও অস্থায়ী দোকান নির্মাণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ক্যান্টনমেন্ট বোর্ডের 'সি' শ্রেণীভুক্ত জমিতে একটি দৃষ্টি নন্দন যাত্রী ছাউনী ও অস্থায়ী দোকান নির্মাণের নকশা ও মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২৯ বিবিধ-২০ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতারেল হাসপাতালের পুরাতন ভবনের দ্বিতীয় তলা বিশেষজ্ঞ চিকিৎসকগণের অনুকূলে চেম্বার বরাদ্দ, হাসপাতালের অপারেশন থিয়েটার পরিচালনা এবং ফিজিওথেরাপি সেন্টার চালুকরণ সংক্রান্ত নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটির কার্যবিবরণী।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতারেল হাসপাতালের পুরাতন ভবনের দ্বিতীয় তলায় বিশেষজ্ঞ চিকিৎসকগণের অনুকূলে চেম্বার বরাদ্দ, হাসপাতালের অপারেশন থিয়েটার পরিচালনা এবং ফিজিওথেরাপি সেন্টার চালুকরণ সংক্রান্ত নীতিমালা প্রণয়নের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০/১১/২০১৫ তারিখের ৪০৯ নম্বর অফিস আদেশের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক প্রণীত নীতিমালা সভায় বিস্তারিত পর্যালোচনান্তে তা অনুমোদন করা যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতারেল হাসপাতালের (ক) পুরাতন ভবনের দ্বিতীয় তলায় বিশেষজ্ঞ চিকিৎসকগণের অনুকূলে চেম্বার বরাদ্দ, (খ) হাসপাতালের অপারেশন থিয়েটার পরিচালনা এবং (গ) ফিজিওথেরাপি সেন্টার চালুকরণ সংক্রান্ত নীতিমালা পরিশিষ্ট 'খ' আকারে অনুমোদন করা হয় এবং এর আওতায় কার্যক্রম পরিচালনার সুবিধার্থে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনাপত্তি গ্রহণ করতে হবে।

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ ১. পরিশিষ্ট-'ক'।
২. পরিশিষ্ট-'খ'।

*( মোঃ আবদুর রহিম খান )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

৮/১২/২০১৫

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

*পরিশিষ্ট-'ক'*

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন মোস্তাক আহমেদ (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি<br>অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল মোস্তাফিজুর রহমান<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক<br>স্টেশন হেলথ অফিসার<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | জনাব মোঃ মাহবুব জামিল<br>সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |